[redacted]

[redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তাদের ঘরের মাঠে ম্যাচ জেতাতে সেঞ্চুরি করেন ভারতীয় এ ওপেনার। খবর হিন্দুস্তান টাইমসের।

খবরে বলা হয়, রোহিত ইংল্যান্ডের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে অন্তত একটি করে টেস্ট, ওয়ান ডে ও আন্তর্জাতিক টি-২০ ম্যাচে ১০০-র বেশি রান করেছেন এবং ভারত সেই ম্যাচে জয় তুলে নিয়েছে।

রোহিত শর্মার নজির:-
১. সদ্য সমাপ্ত লর্ডস টেস্টের দুই ইনিংস মিলিয়ে রোহিত শর্মার সংগ্রহ (৮৩+২১) ১০৪ রান। ভারত ১৫১ রানে টেস্ট জিতে নেয়।
২. ২০১৮ সালে নটিংহ্যামে ইংল্যান্ডের বিরুদ্ধে ওয়ান ডে ম্যাচে ১৩৭ রান করে অপরাজিত থাকেন রোহিত। ভারত ৮ উইকেটে ম্যাচ জেতে।
৩. ২০১৮ সালে ব্রিস্টলে ইংল্যান্ডের বিরুদ্ধে আন্তর্জাতিক টি-২০ ম্যাচে ১০০ রান করে অপরাজিত থাকেন হিটম্যান। ভারত ৭ উইকেটে সেই ম্যাচে জয় তুলে নেয়।

তিন ফরম্যাটে এমন বিরল কৃতিত্ব দেখানো ক্রিকেটার এখনও পর্যন্ত রোহিত শর্মা একাই। বিশ্বের আর কোনও ক্রিকেটারের এমন নজির নেই।

ব্যাটিং কোচের মেয়াদ বাড়ল

জিম্বাবুয়ে সফরের জন্য বাংলাদেশ দলের ব্যাটিং কোচ হিসেবে নিয়োগ পান দক্ষিণ আফ্রিকার অ্যাশওয়েল প্রিন্স। আর ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত স্পিন বোলিংয়ে কোচ হন সাবেক লংকান তারকা রঙ্গনা হেরাথ।

কথা ছিল পারফরম্যান্সের ভিত্তিতে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে প্রিন্সের। এবার সেটিই সত্যি হলো। সাবেক প্রোটিয়া তারকার সঙ্গে দীর্ঘমেয়াদে চুক্তি করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

বৃহস্পতিবার রাতে বিসিবির পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২২ পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত বাংলাদেশ দলের ব্যাটিং কোচ থাকবেন সাবেক প্রোটিয়া

ব্যাটসম্যান।

বাংলাদেশ দলের পূর্ণকালীন ব্যাটিং কোচের দায়িত্ব পাওয়ার পর দক্ষিণ আফ্রিকার ওয়েস্টার্ন প্রোভিন্স দলের প্রধান কোচের পদে ইস্তফা দিয়েছেন প্রিন্স।

চুক্তির পর ৪৪ বছর বয়সি এই দক্ষিণ আফ্রিকান বলেন, ‘অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ জয় বাংলাদেশ শিবিরে আমাদের কারও কাছে কোনো অবাক করা ঘটনা নয়। আমি বিশ্বাস করি, প্রধান কোচ রাসেল ডমিঙ্গো দলে সত্যিকারের ইতিবাচক আবহ তৈরি করেছেন। দারুণ প্রতিভাবান দল রয়েছে আমাদের। কোচিং স্টাফও খুবই অভিজ্ঞতাসম্পন্ন। তাই আমি আবারও এই দলের সঙ্গে কাজ করার জন্য মুখিয়ে আছি।’

দক্ষিণ আফ্রিকার হয়ে ২০০২ থেকে ২০১১ পর্যন্ত ৬৬ টেস্ট, ৫২ ওডিআই এবং একমাত্র টি২০ আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন অ্যাশওয়েল প্রিন্স। বাংলাদেশ দলের কোচিং স্টাফে প্রিন্স হচ্ছেন দ্বিতীয় দক্ষিণ আফ্রিকান। প্রধান কোচ রাসেল ডমিঙ্গো তার স্বদেশি। বোলিং কোচ ওটিস গিবসন ওয়েস্ট ইন্ডিজের।

২০ ধাপ লাফিয়ে শীর্ষ দশে মোস্তাফিজ

বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান ওয়ানডে ফরম্যাটে শীর্ষে ছিলেন আগে থেকেই। এবার পুনরুদ্ধার করলেন টি-টোয়েন্টির সিংহাসনও।

চলতি মাসেই ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ ৪-১ ব্যবধানে জিতেছে বাংলাদেশ।

ঐতিহাসিক এই সিরিজ জয়ে সিরিজসেরা হয়েছেন সাকিব। তার পুরস্কার হিসেবে টি-টোয়েন্টি অলরাউন্ডারদের র্যাংকিংয়ে শীর্ষে ফিরলেন তিনি। আফগানিস্তানের মোহাম্মদ নবীকে হটিয়ে ক্রিকেটের এই ক্ষুদে সংস্করণে এখন এক নম্বর অলরাউন্ডার সাকিব।

সাকিবের এই ঈর্শ্বণীয় সাফল্যের দিনে সুখবর পেলেন কাটার মাস্টার মোস্তাফিজুর রহমানও। অস্ট্রেলিয়া সিরিজে দুর্দান্ত বোলিং করেছেন তিনি। ওভারপ্রতি মাত্র ৩.৫২ রান দিয়ে ৮.৫৭ গড়ে ৭ উইকেট নেন এই বাঁহাতি পেসার। যার পুরস্কারস্বরূপ টি-টোয়েন্টি র্যাংকিংয়ে ২০ ধাপ এগিয়েছেন তিনি।

বাংলাদেশ-অস্ট্রেলিয়া টি-টোয়েন্টি সিরিজের শেষ চার ম্যাচ এবং ইংল্যান্ড-ভারত সিরিজের প্রথম টেস্টের পারফরম্যান্সের ভিত্তিতে বুধবার র্যাংকিংয়ের সাপ্তাহিক হালনাগাদ প্রকাশ করেছে আইসিসি।

যেখানে বড় লাফ দিয়ে শীর্ষ দশে এসেছেন মোস্তাফিজ। ২০১৮ সালের পর এই প্রথম টি-টোয়েন্টি বোলারদের র্যাংকিংয়ে শীর্ষ দশে জায়গা করে নিলেন তিনি।

এ ছাড়া সেরা একশতে ঢুকেছেন সিরিজে ৮ উইকেট নেওয়া তরুণ বাঁহাতি স্পিনার নাসুম আহমেদ। তিনি আছেন ৬৬ নম্বরে। আগের মতোই শীর্ষে আছেন দক্ষিণ আফ্রিকার তাবরিজ শামসি। টেস্ট বোলারদের র্যাংকিংয়ে ১০ ধাপ এগিয়ে নয়ে উঠে এসেছেন ভারতের পেসার জাসপ্রিত বুমরাহ।

আবারও টি–টোয়েন্টিতে বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব

অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে বাংলাদেশের প্রাপ্তির শেষ নেই। ৪-১ ব্যবধানে অজিদের হারিয়ে টাইগাররা বিশ্বকে নিজেদের শক্তি-সামর্থ সম্পর্কে জানান দিয়েছে আরেকবার।

দলীয় পারফরমেন্সের পাশাপাশি এই সিরিজে বেশ কয়েকজনের ব্যক্তিগত নৈপূণ্যও ছিল অসাধারণ। তাদেরই একজন সাকিব আল হাসান। অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টিতেও হয়েছেন সিরিজ–সেরা। এর মধ্য দিয়ে আইসিসির টি–টোয়েন্টির অলরাউন্ডারদের মধ্যে আবারও শীর্ষে উঠে এসেছেন দেশসেরা এই অলরাউন্ডার।

অস্ট্রেলিয়ার বিপক্ষে ব্যাটে-বলে দারুণ করেন সাকিব। এই

পারফরমেন্সই টি-টোয়েন্টির অলরাউন্ডারদের র্যাঙ্কিংয়ের সিংহাসন পুনরুদ্ধার করতে পেরেছেন সাকিব। তিন বছরেরও বেশি সময় সিংহাসন ছাতছাড়া ছিল এই অলরাউন্ডারের।

আইসিসি বুধবার র্যাঙ্কিংয়ের সপ্তাহিক হালনাগাদ তথ্য প্রকাশ করে। যেখানে সাকিব ছাড়িয়ে গেছেন আফগানিস্তানের মোহাম্মদ নবিকে।

অস্ট্রেলিয়ার বিপক্ষে পাঁচ ম্যাচের সিরিজে শেষ চার ম্যাচের পারফরম্যান্স দিয়ে ৩৪ রেটিং পয়েন্ট পান সাকিব। এই রেটিং পয়েন্ট তাকে শীর্ষস্থানে নিয়ে গেছে।

অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজে এই সংস্করণে প্রথম খেলোয়াড় হিসেবে ন্যূনতম ১০০ উইকেট ও ১০০০ রান করার রেকর্ড গড়েন সাকিব। অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজে তৃতীয় সর্বোচ্চ উইকেট ও দ্বিতীয় সর্বোচ্চ রান তুলে সিরিজসেরা হন সাকিব।

মেসির পিএসজি যাওয়া ঠেকাতে আদালতে বার্সেলোনা

মেসিকে ধরে রাখার সব ধরনের চেষ্টা তারা করেছেন। কিন্তু লিগ কর্তৃপক্ষের বেতন কাঠামোর নিয়মের বেড়াজালে আটকে সব চেষ্টাই ব্যর্থ হয়েছে।

বৃহস্পতিবার এক বিবৃতিতে এমনটাই জানিয়েছে বার্সেলোনা।এ বিবৃতি দেওয়ার পর থেকেই গুঞ্জন ফ্রান্সের জায়ান্ট দল প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) ক্লাবে যোগদান করতে চলেছেন মেসি।

সোমবার প্যারিসে হতে পারে মেসির স্বাস্থ্য পরীক্ষা। শিগগিরই নেইমার-ডি মারিয়াদের সতীর্থ হচ্ছেন মেসি।

আর এমন খবরে চটেছে বার্সেলোন। মেসির পিএসজিতে যাওয়া ঠেকাতে রীতিমতো আদালতের দ্বারস্থ হয়েছে বার্সা। স্প্যানিশ দৈনিক মার্কা এমন তথ্য দিয়েই প্রতিবেদন প্রকাশ করেছে।

নিজেরা মেসিকে ধরে রাখতে না পারলে দলবদলে ইস্যুতে এমন করছে কেন বার্সা?ক্লাবটির দাবি, পিএসজির অর্থনৈতিক অবস্থা বার্সার চেয়ে ভালো নয়। তারা কীভাবে মেসিকে দলে ভেড়াবে, প্রশ্ন কাতালুনিয়ান ক্লাবটির।আদালতে বার্সার অভিযোগ, অর্থনৈতিক অবকাঠামোর দোহাই দিয়ে মেসিকে ছাড়তে হয়েছে তাদের। পিএসজির অবস্থা নাকি আরও খারাপ।বার্সেনোলার পক্ষে আইনজীবী ডক্টর হুয়ান ব্রানকোর ইউরোপিয়ান আদালতে করা অভিযোগে বলা হয়েছে, বার্সেলোনার তুলনায় পিএসজির ফিন্যান্সিয়াল ফেয়ার প্লের অবস্থা আরও খারাপ। ২০১৯-২০ মৌসুমে তারা তাদের আয়ের ৯৯ ভাগই খেলোয়াড়দের বেতনের পেছনে খরচ করেছে। সেখানে বার্সেলোনা খরচ করেছে ৫৪ শতাংশ।

মার্কার প্রতিবেদনে বলা হয়েছে, নতুন মৌসুমে খেলোয়াড়দের পেছনে পিএসজির অনেক অর্থ ব্যয় করতে হচ্ছে। পিএসজিকে দিতে হবে সার্জিও রামোস, জিয়ানলুইজি দোন্নারুমা, কিলিয়ান এমবাপ্পে ও নেইমারদের বেতন। এর পেছনেই একটা বড় অংশ ব্যয় হবে ক্লাবের সভাপতি নাসের আল খেলাইফির। সেখানে মেসি গেলে সেই পরিমাণটা আরও বহুগুণে বাড়বে।

যে কারণে বার্সা ছাড়তে বেশি কষ্ট হচ্ছে, জানালেন মেসি (ভিডিও)

‘বিদায়’ শব্দটা বেশিরভাগ ক্ষেত্রেই বিরহের। আর মেসি তা হাড়ে হাড়ে টের পেয়েছেন। ২১ বছরের বন্ধন ছিন্ন করা চাট্টিখানি কথা নয়। আর্জেন্টাইন খুদেরাজের সেই বিরহ প্রকাশ হলো চোখের জল দিয়ে। রোববার সংবাদসম্মেলনে বিদায়ী বক্তব্য দিতে এসে অনেকটা সময় শুধু কাঁদলেন আর কাঁদলেন। এ সময় উপস্থিত বার্সার কর্মকর্তরাসহ ক্রীড়া সাংবাদিকদের চোখও ছলছল করে উঠে।

তারা মেসির জন্য আবেগ প্রকাশ করতে দাঁড়িয়ে যান সবাই। অনবরত হাততালি দিতে থাকেন। সে এক আবেগঘন পরিবেশের অবতারণা। অবশেষে মেসি নিজেকে সামলে নেন। স্ত্রীর কাছ থেকে টিস্যু নিয়ে চোখ-নাক মুছেন। এরপর জানালেন, কেন এতো কাঁদছেন। কেন এই বিচ্ছেদ বেশি পোড়াচ্ছে

তাকে! কেন নিজেকে সামলে নিতে পারছেন না!

মেসি সত্যিটাই বললেন। তিনি বললেন, ‘এই জায়গা, এই ক্লাব যেখানে আমার জীবন পুরোপুরি বদলে গেছে সেটা ছেড়ে যাওয়ার অর্থ আজও আমি বুঝতে পারছি না। প্রথম স্কোয়াডে ছিলাম ১৬ বছর। এখন আবার আমাকে নতুন করে শুরু করতে হবে। কিন্তু আমার ব্যথা, অনেক বেশি ব্যথা। কারণ, আমি আমার ভালোবাসার ক্লাব ছেড়ে যাচ্ছি। এমনটা প্রত্যাশা করিনি। আমি সব সময়ই সত্যিটা বলেছি। গত বছর আমি ছাড়তে চেয়েছিলাম, এই বছর নয়। ব্যথাটা এ কারণেই। গত বছর বুরোফ্যাক্স নিয়ে নাটকের সময় (ক্লাব ছাড়তে হলে) আমি কী বলব, সেটা ঠিক করে রেখেছিলাম। কিন্তু এ বছর সবকিছু অনেক ভিন্ন। এটা আমার ঘর, আমাদের ঘর। আমি এখানে থাকতে চেয়েছিলাম। সেটাই পরিকল্পনা ছিল। কিন্তু আজ সবকিছু ছেড়ে যেতে হচ্ছে।’

কষ্ট বেশি পাবার আরো একটি কারণ জানালেন মেসি। বললেন, ‘দেড় বছর ধরে মাঠে আমাদের সমর্থকদের দেখতে পাইনি। তাদের না দেখে বিদায় নিতে হচ্ছে, এই ব্যাপারটাই বেশি কষ্ট দিচ্ছে। তবে আমি এখানে আবার ফিরব, এটা আমার ঘর। আমার সন্তানদেরও আমি কথা দিয়েছি, আমি আবার এখানে ফিরে আসব।’

মেসি যখন সংবাদ সম্মেলনে বক্তব্য দিচ্ছিলেন তখন, ক্যাম্প ন্যুর বাইরে সমর্থকদের ভিড়। আর ভেতরের কক্ষে প্রথম সারিতে তিনটি চেয়ারে বসে মেসির তিন ছেলে। তাদের পাশে মেসির স্ত্রী আন্তোনেল্লা রোকুজ্জো। অন্যপাশে মেসির বার্সেলোনা সতীর্থরা সবাই একসঙ্গে। এছাড়াও ছিলেন সাবেক সতীর্থ জাভি হার্নান্দেজ–কার্লোস পুয়োলরাও। বার্সা সভাপতি হুয়ান লাপোর্তাসহ ক্লাবের অন্য কর্মকর্তারাও ছিলেন সেখানে। আর স্প্যানিশ গণমাধ্যমের সংবাদকর্মীরাও ছিলেন।

মেসি এমন সব বার্তায় সবাই আবেগী হয়ে উঠেন।

Greatest Applause
Of
All
Time pic.twitter.com/YoJt8nkTZc

— FC Barcelona (@FCBarcelona) August 8, 2021

জীবননগর আলোকিত ফুটবল একাডেমির জার্সি উদ্বোধন

মাদক ছাড়ো ,কলম ধরো ,মাদক মুক্ত সমাজ গড়ো,এই স্লোগানকে সামনে রেখে ,তরুন যুবকদের মাদক থেকে দুরে রাখতে জীবননগর আলোকিত ফুটবল একাডেমির জার্সি উদ্বোধন করা হয়েছে।গতকাল শনিবার বেলা ১১টার সময় জীবননগর আলোকিত ফুটবল একাডেমির আয়োজনে জীবননগর ক্রীড়া সংস্থার ভবনে সাবেক ফুটবলার কাজী মামুনুজ্জামান আদনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জার্সি উদ্বোধন করেন সংগঠনের প্রধান উপদেষ্ঠা মাই টিভির বিশেষ প্রতিনিধি এস কে লিটনের প্রতিনিধি মাই টিভির জীবননগর প্রতিনিধি মিঠুন মাহমুদ,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ঠ ঠিকাদার আলহাজ জাকাউল্লাহ, রেফারি আঃ সবুর,রবিউল ইসলাম রবি,কিরন হোসেনসহ ফুটবল খেলোয়ার আবু সাঈদ ইদবারী প্রতিক,সোহাগ,জিদমী,তুহিন,ফয়সাল,জনি,মমিন,সবদুল,ফরিদসহ ২৪জন খেলোয়ারে মাঝে এ জার্সি বিতরণ করা হয়।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সাবেক ফুটবলার সাইদুর রহমান।

সিরিজ জয়ের ঐতিহাসিক ম্যাচে বাংলাদেশের ৮ রেকর্ড

বৃষ্টি খেলাটা একটু পিছিয়ে দিয়েছিল, বাংলাদেশ ক্রিকেট দলের সমর্থকদের জন্য রাতটা মোহনীয় করে তুলতেই হয়তো।

ইতিহাস নিজে এসেই বাংলাদেশ ক্রিকেটকে আলিঙ্গন করে নিল। আর তা করবেই না কেন মিরপুরের তাজা ঘাসে এক মহাকাব্য লিখেছেন মাহমুদউল্লাহ-সাকিব- মোস্তাফিজরা। দুই ম্যাচ হাতে রেখেই ৩-০তে টি-টোয়েন্টি সিরিজ জয় নিশ্চত করল বাংলাদেশ। প্রথমবারের মতো অস্ট্রেলিয়া বধ।

এ সবই সম্ভব হয়েছে কাটার মাস্টার মোস্তাফিজুরের স্বপ্নের বোলিং, মাহমুদউল্লাহর ভীষণ প্রয়োজনীয় পঞ্চাশের জোরে।

এমন ঐতিহাসিক ম্যাচে বেশ কিছু রেকর্ড জমা পড়েছে ক্রিকেটে।

১) অস্ট্রেলিয়াকে শুক্রবার ১০ রানে হারিয়ে টি-টোয়েন্টিতে এই প্রথম টানা চার ম্যাচ জিতল বাংলাদেশ।

২) আর দেশের মাটিতে খেলা সর্বশেষ সাতটি টি-টোয়েন্টিই জিতেছে বাংলাদেশ।

২০১৯ সালে ঘরের মাঠে আয়োজিত ত্রিদেশীয় সিরিজে নিজেদের দ্বিতীয় ম্যাচে আফগানিস্তানের কাছে হেরেছিল টাইগাররা। এরপর মিরপুর-ফতুল্লা বা চট্টগ্রামে কোথাও টি-টোয়েন্টি ফরম্যাটে হারের তেতো স্বাদ নেয়নি বাংলাদেশ।

৩) শুক্রবারের ম্যাচে টি-টোয়েন্টিতে সবচেয়ে কম রানের পুঁজি নিয়ে জিতল বাংলাদেশ। এক সপ্তাহ হয়নি আগের রেকর্ডের বয়স। গত ৩ আগস্টে চলতি সিরিজের প্রথম ম্যাচে ১৩১ রান করেও জিতেছিল মাহমুদউল্লাহর দল। এবার ১২৭ রান করে জিতে গেল টাইগাররা।

৪) এত কম পুঁজির খেলায় হাফসেঞ্চুরিও এসেছে দুটি। অস্ট্রেলিয়ার হয়ে করেছেন মার্শ। আর বাংলাদেশের পক্ষে অধিনায়ক মাহমুদউল্লাহ। তবে রেকর্ডের বিষয়টি হলো মাহমুদউল্লাহর এ ফিফটি এসেছে ৫২ বলে, যা টি-টোয়েন্টিতে বাংলাদেশের হয়ে মন্থরতম। এর আগে রেকর্ডটি ছিল শামসুর রহমানের। ২০১৩ সালে জিম্বাবুয়ের বিপক্ষে ৪৭ বলে ফিফটি করছিলেন শামসুর রহমান।

৫) আটবারের চেষ্টায় এই প্রথম আন্তর্জাতিক ক্রিকেটে অস্ট্রেলিয়ার বিপক্ষে দ্বিপাক্ষিক সিরিজ জিতল বাংলাদেশ। ২০১১ সালের পর অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলা দুটি সিরিজেই অবশ্য অপরাজিত বাংলাদেশ। চলতি সিরিজের আগে ২০১৭ সালে টেস্ট সিরিজ ড্র করেছিল বাংলাদেশ।

৬) টি-টোয়েন্টিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে প্রথম ও সব মিলিয়ে

পঞ্চমবার একাধিক ম্যাচের দ্বিপাক্ষিক সিরিজ জিতল বাংলাদেশ।

৭) সিরিজের শুরু থেকেই দুর্দান্ত খেলছেন পেসার মোস্তাফিজুর রহমান। তবে গতকালের ম্যাচে তার পারফরম্যান্স অসাধারণ।

৪ ওভারে ৯ রান দিয়েছেন মোস্তাফিজুর রহমান। এটি একটি রেকর্ড। তবে এই রেকর্ডে মাহমুদউল্লাহকে ডিঙাতে পারেননি তিনি।

এখনো টি-টোয়েন্টিতে বাংলাদেশের হয়ে ৪ ওভার বোলিং করে এর চেয়ে কম রান দেওয়ার রেকর্ড মাহমুদউল্লাহর। ২০১৪ সালে মিরপুরে আফগানিস্তানের বিপক্ষে ৮ রান দিয়েছিলেন এ পার্টটাইম বোলার।

৮) রেকর্ড হয়েছে অস্ট্রেলিয়ার পক্ষ থেকেও। প্রথম খেলোয়াড় হিসেবে আন্তর্জাতিক টি-টোয়েন্টি অভিষেকে হ্যাটট্রিক পেলেন অস্ট্রেলিয়ার নাথান এলিস।